

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২৯৭

২৭/ আদব

পরিচ্ছেদঃ মজলিস ও বসার সাথীর নানা আদ্ব-কায়দা

আরবী

وعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ عَنِ النَّبِيِّ عَلَيْ قَالَ إِيَّاكُمْ وَالْجُلُوسَ فِي الطُّرُقَاتِ قَالُوا يَا رَسُوْلُ اللهِ عَلَيْ فَإِذَا أَبَيْتُمْ إِلاَّ رَسُوْلُ اللهِ عَلَيْ فَإِذَا أَبَيْتُمْ إِلاَّ الْمَجْلِسَ فَأَعْطُوا الطَّرِيقَ حَقَّهُ قَالُوا وَمَا حَقُّهُ قَالَ غَضُّ الْبَصَرِ وَكَفُّ الأَذَى وَرَدُّ السَّلاَمِ وَالأَمْرُ بِالْمَعْرُوفِ وَالنَّهْىُ عَنِ الْمُنْكَرِ

বাংলা

(৩২৯৭) আবৃ সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, খবরদার! তোমরা রাস্তার ধারে বসো না। আর একান্তই যদি বসতেই হয়, তাহলে তার হক আদায় করো। লোকেরা জিজ্ঞাসা করল, 'রাস্তার হক কী? হে আল্লাহর রসূল!' তিনি বললেন, দৃষ্টি সংযত রাখা, কাউকে কষ্ট দেওয়া হতে বিরত থাকা, সালামের জবাব দেওয়া, সৎকাজের আদেশ ও মন্দ কাজে বাধা দান করা (এবং পথভ্রষ্টকে পথ বলে দেওয়া)।

ফুটনোট

(আহমাদ ১১৩০৯, বুখারী ২৪৬৫, মুসলিম ৫৬৮৫, আবূ দাউদ ৪৮১৭, সহীহুল জামে' ২৬৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন